

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি  
কোটবাড়ী, কুমিল্লা

মুজিব বর্ষকে সামনে রেখে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচি বাস্তবায়ন উপলক্ষে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মিলন কান্তি ভট্টাচার্য  
পরিচালক, বার্ড।

সভার স্থানঃ ড. আখতার হামিদ খান গ্রন্থাগার (২য় তলা)  
সভার তারিখঃ ০২/০১/২০২০  
সময়ঃ বিকাল ০৩:০০ ঘটিকা

উপস্থিত সদস্য: ০৯ জন

সভার শুরুতে কমিটির সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি কমিটির সদস্যদের মুজিব বর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে বার্ড কর্তৃক কর্মপরিকল্পনা গ্রহণের বিষয়টি অবহিত করেন। অতঃপর তিনি শেখ মাসুদুর রহমান, যুগ্ম পরিচালক-কে কমিটির সদস্যদের অবগতির জন্য উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত কর্মসূচিসমূহ ও সংশ্লিষ্ট শাখার কর্মপরিধি সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেন:

১। স্বল্পমেয়াদি কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কমিটিসমূহ অনতিবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং যথাসময়ে সমাপ্তকরণে সচেষ্ট হবেন। মশা নিধনের জন্য ফগার মেশিনের ক্রয়কাজ দ্রুত সম্পন্ন করা হবে।

২। বার্ডের অফিস অঙ্গনে পরিচ্ছন্নতা কার্যক্রম সংশ্লিষ্ট শাখার তত্ত্বাবধানে পরিচালিত হবে। তবে প্রয়োজনে কমিটির সাথে আলোচনাপূর্বক বার্ডের অন্য যে কোন শাখার সহযোগিতা গ্রহণ করা হবে। আবাসিক এলাকা পরিদর্শনের প্রেক্ষিতে বার্ডে বসবাসরত কর্মকর্তা-কর্মচারীদের নিজের আবাসস্থল পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য কমিটি সময়ে সময়ে উদ্যোগ গ্রহণ করবে।

**দায়িত্ব সহকারী পরিচালক (ফার্ম) ও সেকশন অফিসার (অবধায়ন)।**

৩। ক্যাফেটেরিয়া থেকে নির্গত বর্জ্যসমূহ যথাযথভাবে ব্যবস্থাপনার উপর গুরুত্বারোপ করা হয়। এতে নিকটস্থ পুকুর যাতে দূষিত না হয় সেদিকে লক্ষ রাখতে সংশ্লিষ্ট শাখাকে অনুরোধ করা হয়। ক্যাফেটেরিয়ার রান্নাঘর ও টয়লেটসমূহ সংস্কারসহ নিয়মিতভাবে পরিষ্কার করতে হবে। ক্যাফেটেরিয়ার অভ্যন্তরীণ ডেনসমূহ গভীরে পরিষ্কার করতে হবে যাতে কোন বর্জ্য অবশিষ্ট না থাকে। এছাড়া বর্জ্যসমূহ রিসাইকেল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ভাষা শহীদ আবুল বরকত ক্যাফেটেরিয়ার ছাদ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**দায়িত্ব সেকশন অফিসার (ক্যাফেটেরিয়া)।**

৪। হোস্টেলের ময়লা ফেলার জন্য সুবিধাজনক জায়গা নির্বাচন করবে। এছাড়া হোস্টেলসমূহের চারপাশের আগাছা পরিষ্কারসহ হোস্টেল কক্ষ, ছাদ ইত্যাদি নিয়মিত পরিষ্কার রাখতে হবে। হোস্টেলের বিছানা চাদর ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী পরিষ্কার করার ব্যবস্থাকে আধুনিকায়নের জন্য কমিটির সদস্যগণ কুমিল্লা ক্যাডেট কলেজের ওয়াশিং প্লান্টটি পরিদর্শন করবেন।

**দায়িত্ব সেকশন অফিসার (হোস্টেল)।**

৫। মেডিকেল সেন্টার ও এর চারপাশ পরিচ্ছন্ন এবং আগাছা নিয়মিত পরিষ্কার রাখতে হবে। পরিবেশ স্বাস্থ্যসম্মত রাখতে ফুলের বাগান করা হবে।

**দায়িত্ব মেডিকেল অফিসার, বার্ড।**

৬। কার্যক্রমটি সফলভাবে প্রচার করার জন্য বার্ডের বিভিন্ন স্থানে ব্যানার স্থাপন ও লিফলেট বিতরণ করা হবে। বার্ডের বাসিন্দা, আগত দর্শনার্থীসহ সকলকে বার্ড ক্যাম্পাস পরিচ্ছন্নতার বিষয়ে উদ্বুদ্ধকরণে বিভিন্ন দর্শনীয় স্থানে বাণী সম্বলিত পোস্টার প্রদর্শন করা হবে। এছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যমে নিয়মিতভাবে পরিচ্ছন্নতা বিষয়ক নোটিশ জারি করা হবে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক "বঙ্গবন্ধুর দর্শন সমবায় উন্নয়ন" স্লোগান সম্বলিত পোস্টার, ফেস্টুন তৈরি করে ডিসপ্লে করা হবে।

**দায়িত্ব সহকারী পরিচালক (জনসংযোগ) এবং সহকারী পরিচালক (আইসিটি)।**

৭। পরিচ্ছন্নতার সুবিধার্থে বার্ড ক্যাম্পাসে বিদ্যমান ডাস্টবিনসমূহ রাত্তা থেকে ১৫ গজের মধ্যে আছে কিনা তা যাচাইপূর্বক প্রয়োজনে ডাস্টবিন পুনঃনির্মাণের উদ্যোগ নেয়া হবে। ডাস্টবিনসমূহ নিয়মিত পরিষ্কার করা হবে। প্রয়োজনে ডাস্টবিনসমূহে ময়লা সংরক্ষণ ও পরিচ্ছন্নতার সুবিধার্থে বড় পলিথিন ব্যবহার করা হবে।

**দায়িত্ব সহকারী পরিচালক (ফার্ম) ও সেকশন অফিসার (অবধায়ন)।**


৮। প্রতি মাসের ১০ তারিখ কমিটি কর্তৃক নির্ধারিত পরিদর্শন টিম কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের উদ্দেশ্যে ক্যাম্পাস পরিদর্শন করবে এবং সকলকে উদ্বুদ্ধকরণে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করবে। এ সময় বার্ডে কর্মরত ও বসবাসরত কর্মকর্তা-কর্মচারীদের উক্ত কার্যক্রমে সম্পৃক্ত করা হবে। এ জন্য প্রয়োজনীয় উপকরণ গ্লাভস, বুড়ি, কাচি, চিমাটি, ভেলচা, সুদৃশ্য ঝাড়ু ইত্যাদি সরবরাহ করা হবে।


**দায়িত্ব সেকশন অফিসার (অবধায়ন)।**

৯। বার্ডে আগত দর্শনার্থীদের ক্যাম্পাস পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে করণীয় সম্বলিত একটি ডিজিটাল সাইনবোর্ড মেইনগেটে স্থাপন করা হবে।

**দায়িত্ব সহকারী পরিচালক (জনসংযোগ) এবং সহকারী পরিচালক (আইসিটি)।**

অতঃপর সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ আবুল হাছানাৎ মজুমদার)  
সেকশন অফিসার (অবধায়ন)  
ও  
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

  
(মিলন কান্তি ভট্টাচার্য)  
পরিচালক  
ও  
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি